দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 JAN 2006 ...
পৃষ্ঠা 20 কলাম ... ৬ ...

# ২৬শ কোটি টাকা কেটে নিয়ে ৩৫৬ কোটি টাকা দেয়া প্রতারণা

## ............ শিক্ষক কর্মচারী ফ্রন্ট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয় শিক্ষক কর্মচারী (১৯শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### ২৬শ কোটি টাকা

(২০শ পৃঃ পর)

ফ্রন্টের নেতৃবৃন্দ বলেছেন, প্রাপ্য অর্থ কমিয়ে দিয়ে প্রতারণামূলক পন্থায় ২৬শ' কোটি টাকা কেটে নিয়ে ৩৫৬ কোটি টাকা দিয়ে নাম কেনার প্রতারণা প্রতিরোধ করা হবে। গতকাল সোমবার শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে ফ্রন্টের নেতৃবৃন্দ বলেন, অর্থ অপচয় ও প্রশাসনকে ব্যবহার করে লোক দেখানো মহাসমাবেশে শতকরা ১০ ভাগ ঘোষণা নিষ্প্রয়োজন। এ ব্যাপারে একটি সরকারি প্রজ্ঞাপন জারিই যথেষ্ট। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। তিনি দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ এনে শিক্ষামন্ত্রীর অপসারণ এবং তদন্ত দাবি করেন। উপস্থিত ছিলেন আজিজুল ইসলাম খান, মোশাররফ হোসেন, অধ্যাপক এমএ সাত্তার, মাহবুবুর রহমান তালুকদার,